গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ৩০ আগস্ট ২০১৫, ১৫ ভাদ্র ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নিরাপদ ইন্টারনেটের আশ্বাস দিলেন দুই প্রতিমন্ত্রী

২। সাগর পথে মানবপাচার : ৬০ দালাল শনাক্ত

৩। বিনিয়োগের সুযোগ না থাকলে বৈধ আয় বিদেশে চলে যাবে : তথ্যমন্ত্রী

৪। জ্বালানি তেলের দাম কমানোর দাবি এফবিসিসিআইয়ের

৫। গ্যাস-বিদ্যুতের মূল্য বৃদ্ধির প্রভাব পড়বে পরিবহণেও : সেতুমন্ত্রী

৬। লিবিয়ায় নৌকাডুবিতে ২৪ বাংলাদেশি মারা গেছেন
: উদ্ধারকৃত ৫৪ জনকে ফিরিয়ে আনার উদ্যোগ

৭। ৩৪ তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ

৮। কিডনি পাচার চক্রের পাঁচ সদস্য গ্রেফতার

৯। তিন শতাধিক উপজেলায় নেই কোনো সরকারি স্কুল ও কলেজ
: ৭০০ শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারি করা হচ্ছে

১০। একে একে উদ্ঘাটিত হচ্ছে ব্লগার হত্যা রহস্য : নীলাদ্রি হত্যায় গ্রেফতার চার

চলমান পাতা/২

১। নিরাপদ ইন্টারনেটের আশ্বাস দিলেন দুই প্রতিমন্ত্রী

নিরাপদ ইন্টারনেটের জন্য ইন্টারনেট সেফটি সলিউশন (আইএসএস) প্রযুক্তি আনার পাশাপাশি এজন্য প্রয়োজনীয় বিনিয়োগেরও আশ্বাস মিলেছে এক গোলটেবিল আলোচনায়। গতকাল ২৯ আগস্ট শনিবার রাজধানীর রেডিসন হোটেলে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম আয়োজিত 'নিরাপদ ইন্টারনেট' শিরোনামের আলোচনায় এ আশ্বাস দেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। সূত্র-জনকণ্ঠ (পৃ.১, ক.৮), সংবাদ (শেষ পৃ., ক.৮), ডেইলি স্টার (পৃ.৪, ক.৭), ডেইলি সান বিজনেস (পৃ.১, ক.৫)।

২। সাগর পথে মানবপাচার : ৬০ দালাল শনাক্ত

মিয়ানমারের জলসীমা থেকে উদ্ধার হওয়া অভিবাসী প্রত্যাশীদের মধ্যে পঞ্চম দফায় ফেরত আনা ১২৫ বাংলাদেশিকে স্বজনদের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। এদের জিজ্ঞাসাবাদ করে ৬০ দালালের পরিচয় শনাক্ত করা হয়েছে। এসব দালালদের বিরুদ্ধে দেশের ১৪ জেলায় সংশ্লিষ্ট থানায় পৃথক মামলা দায়ের করা হবে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.৬)।

৩। বিনিয়োগের সুযোগ না থাকলে বৈধ আয় বিদেশে চলে যাবে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বিনিয়োগের সুযোগ না থাকলে বৈধ উপায়ে অর্জিত অপ্রদর্শিত আয় অবৈধপথে মালয়েশিয়াসহ বিভিন্ন দেশে চলে যাবে। এ জন্য কালো টাকা নিয়ে রিহ্যাব সদস্যদের অহেতুক প্রশ্ন না করার তাগিদও দিয়েছেন তিনি। গতকাল ২৯ আগস্ট শনিবার দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'রিহ্যাব বর্ষসেরা সাংবাদিক পুরস্কার-২০১৪' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিজয়ী ১৯ গণমাধ্যম কর্মীর হাতে পুরস্কার ও চেক তুলে দেন মন্ত্রী। সূত্র-যুগান্তর (পৃ.২, ক.২), প্রথম আলো (পৃ.১৩, ক.১), সমকাল (পৃ.২, ক.৩), নিউজ টুডে (শেষ পৃ., ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩, ক.৬)।

৪। জ্বালানি তেলের দাম কমানোর দাবি এফবিসিসিআইয়ের

জ্বালানি তেলের দাম কমানোর দাবি জানিয়েছে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশন (এফবিসিসিআই)। সংগঠনটির সভাপতি আবদুল মাতলুব আহমাদ বলেছেন, বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম অর্ধেকে নেমে এসেছে। এখন দেশে দাম কমানো হলে বিদ্যুতের দামও যৌক্তিক পর্যায়ে চলে আসবে। রাজধানীর মতিঝিলে ফেডারেশন ভবনে গতকাল ২৯ আগস্ট শনিবার এক সংবাদ সম্মেলনে তিনি এ দাবি জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১৩, ক.৬), ইত্তেফাক (পৃ.৪, ক.৭), নিউজ টুডে (শেষ পৃ. ক.৬), ডেইলি সান বিজনেস (পৃ.১, ক.২)।

৫। গ্যাস-বিদ্যুতের মূল্য বৃদ্ধির প্রভাব পড়বে পরিবহণেও : সেতুমন্ত্রী

গ্যাস-বিদ্যুতের মূল্য বৃদ্ধির প্রভাব পরিহণেও পড়বে। এজন্য বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)কে স্টকহোল্ডারদের সঙ্গে কথা বলে এ মূল্য বৃদ্ধি (ভাড়া) যেন সহনীয় পর্যায়ে থাকে সেই পদক্ষেপ নিতে হবে বলে মন্তব্য করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ২৯ আগস্ট শনিবার দুপুরে বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) অডিটরিয়ামে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় তিনি এ কথা বলেন। সূত্র-ইনকিলাব (পৃ.১, ক.৮),যুগান্তর (পৃ.১৫, ক.৮), ইত্তেফাক (পৃ.১৯, ক.৪)।

৬। লিবিয়ায় নৌকাডুবিতে ২৪ বাংলাদেশি মারা গেছেন : উদ্ধারকৃত ৫৪ জনকে ফিরিয়ে আনার উদ্যোগ

লিবীয় উপকূলে নৌকাডুবিতে ২৪ বাংলাদেশি মারা গেছেন। এদের মধ্যে তিন জন শিশু রয়েছে। কূটনৈতিক সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার লিবিয়ার যোওয়ারা এলাকা দিয়ে ইটালি যাওয়ার সময় ডুবে যাওয়া নৌকা দুটিতে মোট ৭৮ জন বাংলাদেশি ছিলেন। এ ঘটনায় ৫৪ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে। উদ্ধার হওয়া বাংলাদেশিদের দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.১), জনকণ্ঠ (পৃ.১, ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১, ক.৫), ডেইলি সান (পৃ.১, ক.৫), প্রথম আলো, ডেইলি স্টার, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। ৩৪ তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ

৩৪ তম বিসিএসের চূড়ান্ত ফলাফল প্রকাশ করেছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)। গতকাল ২৯ আগস্ট শনিবার রাত সাড়ে ৯টায় প্রকাশিত ফলাফলে দুই হাজার ১৫৯ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ করা হয়েছে। এছাড়াও নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ জন্য ৬ হাজার ৫৮৪ জনের সুপারিশ করা হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ, ক.৮), জনকণ্ঠ (পৃ.১, ক.২), প্রথম আলো (পৃ.২, ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.ক.৩), ডেইলি সান (পৃ.১, ক.৪)।

৮। কিডনি পাচার চক্রের পাঁচ সদস্য গ্রেফতার

আন্তর্জাতিক কিডনি পাচার চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে পাঁচ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। গত ২৮ আগস্ট শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও গাবতলী বাস টার্মিনাল এলাকায় অভিযান চালিয়ে মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) তাদের গ্রেফতার করে। গতকাল ২৯ আগস্ট শনিবার ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি)

মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ডিবির যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম জানান, আটক ব্যক্তিরা দীর্ঘদিন ধরে কিডনি পাচারের সঙ্গে জড়িত। সূত্র-সমকাল (শেষ পৃ, ক.৫), যুগান্তর (শেষ পৃ, ক.২), জনকণ্ঠ (পৃ, ১ক.২), ডেইলি স্টার (শেষ পৃ, ক.১), নিউজ টুডে (পৃ,১ ক.৮), ডেইলি সান, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। তিন শতাধিক উপজেলায় নেই কোনো সরকারি স্কুল ও কলেজ

: ৭০০ শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারি করা হচ্ছে

দেশের ৩১৬টি উপজেলায় মাধ্যমিক পর্যায়ের কোনো সরকারি স্কুল নেই। এছাড়া কলেজ নেই ৩২৯ উপজেলায়। এসব উপজেলার একটি করে বেসরকারি স্কুল ও কলেজকে সরকারি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যাচাই-বাছাই করে মাধ্যমিক ও কলেজ পর্যায়ের প্রায় সাতশ' শিক্ষা প্রতিষ্ঠানকে নেওয়া হবে সরকারি খাতে। সরেজমিন পরিদর্শন করে উপজেলা পর্যায়ের স্কুল ও কলেজের তথ্য সংগ্রহের কাজ চলছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ, ক.৬), সংবাদ (প,১, ক.৫)।

১০। একে একে উদ্ঘাটিত হচ্ছে ব্লগার হত্যা রহস্য : নীলাদ্রি হত্যায় গ্রেফতার চার

একে একে ব্লগার হত্যার রহস্য উদঘাটিত হতে যাচ্ছে। ইতোমধ্যেই নীলাদ্রি হত্যায় গ্রেফতারকৃত চার জনের মধ্যে একজনকে প্রত্যক্ষদর্শীরা শনাক্ত করেছেন। গ্রেফতারকৃতদের অনেককেই টিএফআই সেলে জিজ্ঞাসাবাদ করা হবে। তাদের কাছে অভিজিত, নীলাদ্রি, ওয়াশিকুর রহমান বাবু ও সিলেটে অনন্ত বিজয় দাশ হত্যার বিষয়ে জানতে চাওয়া হবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১, ক.১), সমকাল (পৃ.১,ক.২), প্রথম আলো(পৃ.৩, ক.৪), ডেইলি স্টার (পৃ.১, ক.১), ডেইলি সান (পৃ.১, ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইনকিলাব : চট্টগ্রাম বন্দরের জেটিতে বহির্নোঙরে বেশি সময় কনটেইনারবাহী জাহাজ আটকে থাকার কারণে আমদানি রপ্তানির ব্যয় বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে স্বল্পতম সময়ে যাতে পণ্যবাহী কনটেইনারগুলো ওঠানো নামানোর কাজটি সম্পন্ন হয় সে ব্যাপারে কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ নেবে এই প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : গণপরিবহণের নামে রাজধানীতে চলাচলকারী বাসের ৯০ শতাংশই লক্কড় ঝক্কড় ও মেয়াদোত্তীর্ণ হওয়ার কথা উল্লেখ করে একটি আধুনিক ও যাত্রীবান্ধব গণপরিবহণ ব্যবস্থা এখন সময়ের দাবি বলে মন্তব্য;

গ. জনকণ্ঠ : রাষ্ট্রের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি শিল্প খাতের বিকাশে শিল্প কারখানায় নিরবচ্ছিন্ন বিদ্যুতের সংযোগের সুপারিশ;

ঘ. সংবাদ : সরকারের বিদ্যুৎ ও গ্যাসের মূল্যবৃদ্ধির সিদ্ধান্ত পুনর্বিবেচনার সুপারিশ;

ঙ. ইনকিলাব : দেশে নারী ও শিশুর প্রতি সহিংসতা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি;

চ. ইন্ডিপেনডেন্ট : জাতীয় পরিচয়পত্র কার্ড আপডেটিং করার সব ধরনের সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে আন্তরিকভাবে কাজ করার সুপারিশ;

ছ. নিউজ টুডে : দ্রব্যমূল্য বৃদ্ধির নেতিবাচক প্রভাব মোকাবিলায় ব্যবসায়ী সিন্ডিকেটের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি মার্কেট মনিটরিং ব্যবস্থা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ;

জ. নিউ এজ : সিটি কর্তৃপক্ষকে রাস্তা খোঁড়াখুঁড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ জনদুর্ভোগ বিবেচনায় নিয়ে বর্ষা মৌসুমে না করে অন্য সময়ে করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের কর্ম পরিবেশ উন্নত করতে যথেষ্ট প্রতিকারমূলক পদক্ষেপ নেওয়া না হলে আরেকটা রানা প্লাজা কিংবা তাজরীন ফ্যাশনের মতো বিপর্যয় বাংলাদেশের রফতানি বাণিজ্যের জন্য নতুন বিপদের কারণ হতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'সমাজের অস্থিরতা ও ব্যক্তি নিরাপত্তা' শিরোনামের নিবন্ধে এম সাখায়াত হোসেন রাষ্ট্রের উন্নয়নে রাষ্ট্রের ক্ষমতা প্রয়োগের জন্য গঠিত বৈধ সংস্থাগুলোকে স্বাধীনভাবে কাজ করতে এবং জবাবদিহিতার আওতায় থাকতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#